



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh. Phone: 0371-61328  
Email. updfcht@yahoo.com Website: [www.updfcht.org](http://www.updfcht.org)

Ref:

Date: ১১ আগস্ট ২০০৬

প্রেস বিজ্ঞপ্তি

## পানছড়ির পুজগাও সশস্ত্র জঙ্গি কর্তৃক ইউপিডিএফ অফিস পুড়িয়ে দেয়ার নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর চট্টগ্রাম ইউনিট আজ এক বিবৃতিতে গতকাল মধ্যরাতে সন্ধ্যা লারমার লেলিয়ে দেয়া কতিপয় সশস্ত্র জঙ্গি কর্তৃক উত্তর পার্বত্য চট্টগ্রামের পানছড়ি থানাধীন পুজগাও অবস্থিত ইউপিডিএফ কার্যালয়সহ বেশ কয়েকটি দোকানে অগ্নিসংযোগের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে।

বিবৃতিতে বলা হয়, পার্বত্য চট্টগ্রামের জনগণের ওপর অবর্ণনীয় নির্যাতন, ভূমি আগাসন ও সম্প্রতি মহালছড়ির বাদলহাদ নামক গ্রামে এক বিয়ে বাড়িতে সেনা হামলা, খুন ও হেফতারের বিরুদ্ধে কোন ধরনের আন্দোলন গড়ে না তুলে, সরকারের আজ্ঞাবাহী দালাল সন্ধ্যা লারমা একদিক আদিবাসী দিবস পালনের নাম হাসকর তামাশার আয়োজন করছে, আর অন্যদিকে ইউপিডিএফ ও সাধারণ জনগণের ওপর সশস্ত্র জঙ্গি হামলা অব্যাহত রেখেছে। আঞ্চলিক পরিষদের গদিত টিকে থাকার স্বার্থে বিএনপি-জামাত নেতৃত্বাধীন জোট সরকারের মনোরঞ্জনের জন্য সন্ধ্যা লারমা এ ধরনের আত্মঘাতি ও ধংসাত্মক কার্যক্রম চালিয়ে যাচ্ছে বলে বিবৃতিতে অভিমত ব্যক্ত করা হয়।

পার্বত্য চট্টগ্রামে শান্তি ও গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সন্ধ্যা লারমাকে মদদ দান বন্ধ করার জন সরকারের প্রত্যাশা জানিয়ে বিবৃতিতে বলা হয়, পার্বত্য চট্টগ্রামের জনগণ জুম্ম দিয়ে জুম্ম ধংসের সরকারী নীল নক্সা কিছুতেই বাস্তবায়িত হতে দেবে না।

বার্তা প্রেরক

রিপন চাকমা

প্রেস সেকশান

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

চট্টগ্রাম ইউনিট।